

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৮৮২

আগরতলা, ২০ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১৯ নভেম্বর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় "হাসপাতালের কাউন্টারে সস্তা জনঔষধির ওষুধ সংকট," এই শিরোনামে এবং গত ১৬ নভেম্বর, ২০২৪ স্যন্দন পত্রিকায় "প্রয়োজনীয় ওষুধ মিলছে না জনৌষধি কাউন্টারে, বিপাকে মানুষ," এই শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, রাজ্য সরকার যে সমস্ত হাসপাতালে জেনেরিক মেডিসিন কাউন্টার বন্ধ রয়েছে এবং কার্যকর নয়, সেখানে বিজ্ঞাপনের মাধ্যমে এজেন্সি নিযুক্ত করে কাউন্টার চালু করার সিদ্ধান্ত নিয়েছে। জেনেরিক মেডিসিনের যোগানের ক্ষেত্রে মার্কাফেডের কর্তৃপক্ষের সঙ্গেও নিয়মিতভাবে স্বাস্থ্য দপ্তর যোগাযোগ রাখছে।
